গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
প্রশাসন-১ শাখা
www.mocat.gov.bd



নম্বর-৩০.০০.০০০০.০১০.১২.০০৩.১৭-৭৮৪

তারিখ : ২৩ কার্তিক ১৪৩৩ / ০৮ নভেম্বর ২০২৬

কম্পিউটার গতি যাচাই পরীক্ষার নোটিশ

বাংলাদেশ সচিবালয় (ক্যাডার বহির্ভূত গেজেটেড কর্মকর্তা এবং নন-গেজেটেড কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৪ এর সংশোধনীর তফসিল-১ এর ক্রমিক নং-৮ এ বর্ণিত 'অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক' পদে পদোন্নতির জন্য আবেদনকারীদের আগামী ২৪.১১.২০২৬ তারিখ সকাল ১১.০০ ঘটিকায় কম্পিউটার মুদ্রাক্ষরিক প্রতি মিনিটে বাংলা ২০ শব্দ ও ইংরেজিতে ২০ শব্দের গতি যাচাইয়ের জন্য টাইপ টেস্ট (ব্যবহারিক পরীক্ষা) প্রশাসন-১ শাখায় (কক্ষ নং-১৯০২) গ্রহণ করা হবে।

০২। যে সকল আবেদনকারী উল্লিখিত পদের পদোন্নতি গ্রহণের ইচ্ছুক তাদেরকে উক্ত পরীক্ষায় অংশগ্রহণের নিমিত্ত বর্ণিত সময়ে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(ডা. মো: গোলাম কবির)
উপসচিব
ফোন: ০২-৫৫১০০৭০৩
admin1@mocat.gov.bd

নম্বর-৩০.০০.০০০০.০১০.১২.০০৩.১৭-**৭৮৪(৪)**

তারিখ : ২৩ কার্তিক ১৪৩৩ / ০৮ নভেম্বর ২০২৬

জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো:

১। সচিবের একান্ত সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, ঢাকা
২। সহকারী প্রোগ্রামার, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৩। জনাব----------, অফিস সহায়ক, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, ঢাকা
৪। অফিস কপি।

০৮.১১.২০২৬
(ডা. মো: গোলাম কবির)
উপসচিব